প্রোগ্রামার,
আপলোড করুন।
২৫/০৩/২০২৫

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
www.bpatc.gov.bd
(পিপিআর অধিশাখা)

বিষয়: অনুষদ সভার কার্যবিবরণী কেন্দ্রের ওয়েবসাইটে আপলোড প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০ মার্চ,২০২৫ তারিখে রেক্টর মহোদয়ের সভাপতিত্বে ২০২৫ সালে ১ম অনুষদ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরী প্রস্তুত করা হয়েছে। এমতাবস্থায়, রেক্টর মহোদয়েরে স্বাক্ষরিত ২০২৫ সালে ১ম অনুষদ সভার কার্যবিবরণী কেন্দ্রের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৫.০৩.২০২৫
(তানযিনা আক্তার)
সহকারী পরিচালক (পিএন্ডডি)
ফোন: ৪১৩৯

সিস্টেম এনালিস্ট
বিপিএটিসি, সাভার, ঢাকা।

অনানুষ্ঠানিক নোট নং- ০৫.০১.২৬৭২.১৩৩.০৬.০১৪.২২ তারিখ: মার্চ ২০২৫ খ্রি.

অনুলিপি:

১। এমডিএস (পিঅ্যান্ডএস), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২। পরিচালক (পিপিআর), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৩। রেক্টরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
পিপিআর অনুবিভাগ
www.bpatc.gov.bd

২০২৫ সালে ১ম অনুষদ সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব সাঈদ মাহবুব খান রেক্টর, বিপিএটিসি
সভার তারিখ	: ১০ মার্চ, ২০২৫
স্থান	: রেক্টর'স কনফারেন্স রুম, আইটিসি
উপস্থিতি	: পরিশিষ্ট "ক"

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভা শুরু হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পিপিআর) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচনার শুরুতে বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনীর প্রয়োজন রয়েছে কি না, তা জানতে চাওয়া হয়। অতঃপর আলোচ্যসূচি অনুসারে আলোচনা ও নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন
১.	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন যে, গত ১১ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত অনুষদ সভার কার্যবিবরণী সকল অনুষদ সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায় নি বিধায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যায়।	বিগত সভার কার্যবিরণী দৃঢ়ীকরণ করা হয়।
২.	প্রাতিষ্ঠানিক রিভিউ (Institutional Review)	১২ মার্চ ২০২৪ তারিখে এমডিএস (ডিঅ্যান্ডই) এর নেতৃত্বে গঠিত Institutional Review Team- এর ০৪ দফা মিটিং সম্পন্ন হলেও পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুতকরণ এখনও সম্ভব হয়নি বলে সভাকে জানানো হয়।	দ্রুততম সময়ের মধ্যে কমিটির সুপারিশ সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি পুনর্গঠন করতে হবে। বাস্তবায়ন: পরিচালক (পিপিআর)
৩.	বিষয়ভিত্তিক স্বল্পমেয়াদি/সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন	সংক্ষিপ্ত কোর্সের কারিক্যুলামসমূহ চূড়ান্ত করার লক্ষ্যে কেন্দ্রের বিভিন্ন দপ্তর হতে ০৬টি কোর্সের কনটেন্টের খসড়া পাওয়া গেছে। প্রস্তাবিত কোর্সসমূহ নিম্নরূপঃ 1. ToT on Pedagogy Training Management. 2. Course On Project Management. 3. Course on Financial Management. 4. Course on Leadership and Negotiation. 5. Course on Civil Service, 2041 and Smart Bangladesh. 6. Course on Climate change and Environment Governance. কারিকুলামসমূহ CDWC-র সভায় উপস্থাপন করা হয়েছে। এছাড়া, বাজেটের বিষয়ে অর্থশাখার মতামতও গ্রহণ করা হয়েছে। তবে, কোর্সসমূহের চাহিদা যাচাই করা প্রয়োজন। সুপারিশপ্রাপ্ত কোর্সগুলো থেকে যেকোনো	চাহিদা যাচাইয়ের মাধ্যমে ToT on Pedagogy Training Management কোর্স আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট শাখা প্রস্তাবিত কোর্সটি আয়োজন করবে। বাস্তবায়ন: পরিচালক (টিওটি)

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন
		একটি কোর্সের সম্ভাব্য চাহিদা যাচাইয়ের মাধ্যমে কোর্সটি চালুকরণে প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম শুরু করা যায়।	
৪.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের রিসোর্স পার্সন পুলভুক্ত এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত ToT on Pedagogy প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে কেন্দ্রে পরিচালিত কোর্সসমূহে সেশন পরিচালনার জন্য আমন্ত্রণ জানানো	কেন্দ্রে পরিচালিত বিভিন্ন কোর্সে জনপ্রশাসন মন্ত্রণালয়ের রিসোর্স পারসন পুলভুক্ত বক্তাদের আমন্ত্রণ জানানো হচ্ছে। তবে আলাদাভাবে কোর্স ব্যবস্থাপনা টিমসমূহ এসংক্রান্ত কোন তথ্য পিপিআর শাখায় প্রেরণ করছে না।	ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের রিসোর্স পারসন পুলভুক্ত বক্তাদের আমন্ত্রণ জানানো তথ্য ভিত্তিক প্রতিবেদন প্রতিটি কোর্স সমাপনান্তে সংশিষ্ঠ কোর্স ম্যানেজমেন্ট টিম পিপিআর অনুবিভাগে প্রেরণ করবে। খ) ERP-তে এ সংক্রান্ত রিপোর্ট তৈরির ব্যবস্থা যুক্ত করতে হবে। বাস্তবায়নেঃ সিস্টেম এনালিস্ট ও সংশ্লিষ্ট কোর্স ম্যানেজমেন্ট টিম/ পিপিআর অনুবিভাগ
৫.	সম্পন্নকৃত পিপিএমসি কোর্সের সনদ প্রেরণ	২০ হতে ২৩ তম পিপিএমসি কোর্সের সনদ প্রশিক্ষণার্থীদের ডাকযোগে পাঠানো হয়েছে। তথাপি যে সকল সনদ ফেরত এসেছে, তা সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের প্রদত্ত ই-মেইলযোগে প্রেরণ করা হয়েছে।	কার্যক্রম সম্পন্ন হয়েছে বিধায় এজেন্ডাটি পরবর্তী সভায় বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
৬.	কেন্দ্রের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য অর্জন	এপিএ ২০২৪-২০২৫ বাস্তবায়ন কার্যক্রম চলমান। চলতি বছরের এপিএ মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট অনুষদ সদস্য ও শাখাসমূহকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে কাজের অগ্রগতি প্রতিবেদন যথাযথ প্রমানক সহ এপিএ সেল-এ প্রেরণের জন্য অনুরোধ করা যায়।	সংশ্লিষ্ট অনুষদ সদস্য ও শাখাসমূহকে যথাযথ প্রমানকসমূহ দ্রুত এপিএ সেল-এ প্রেরণ করতে হবে। বাস্তবায়নেঃ এপিএ ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট শাখা/টিম
৭.	অনুষদ সদস্যদের দক্ষতা উন্নয়নমূলক কার্যক্রম	ক) শিক্ষানবিস ও নবনিযুক্ত মোট ১৪জন অনুষদ সদস্যদের জন্য ২৯/০৯/২৪ হতে ১৪/১০/২৪ তারিখ পর্যন্ত ১৫ দিনের ToT কোর্স আয়োজন সম্পন্ন হয়েছে। এছাড়াও, ১২ হতে ২৬ জানুয়ারি, ২০২৫ পর্যন্ত ১৮ জন্য প্রশিক্ষণার্থীদের জন্য Research Methodology Course কোর্সের আয়োজন করা হয়। অন্যান্য অনুষদের জন্য Advanced ToT অথবা অন্য কোন দক্ষ্যতা বৃদ্ধিমূলক ট্রেনিং এর ব্যবস্থা করা যেতে পারে মর্মে আলোচনা হয়।	ক) অনুষদ সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। TOT, English Language, সরকারি ক্রয় ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। বাস্তবায়নঃ পরিচালক (পিপিআর)

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন
		(খ) হার্ভার্ড কেনেডি স্কুলে উচ্চতর প্রশিক্ষণ সম্পন্নকারী অনুষদ সদস্যদের লার্নিং সেশন আয়োজনের জন্য গঠিত কমিটি কোনো সেশন আয়োজন করেননি। চলতি অর্থবছরের এপিএ কার্যক্রমে এরূপ একটি সেশন আয়োজন অন্তর্ভূক্ত রয়েছে।	খ) Pegagogy Felloship-এ অংশগ্রহনকারি ০৩ সদস্যের কমিটি আগামী এপ্রিল মাসের সুবিধাজনক সময়ে Learning session আয়োজন করবে। বাস্তবায়নঃ সংশ্লিষ্ট কমিটি ও পরিচালক (পিপিআর)
৮.	লেসন প্ল্যান/ প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুতকরণ	(ক) কোর্সভিত্তিক "ট্রেনিং ম্যানুয়াল" প্রস্তুতের জন্য গঠিত কমিটিসমূহ কর্তৃক ৬০ কর্মদিবসের মধ্যে ম্যানুয়াল প্রস্তুত করার কথা থাকলেও তা এখনও চলমান রয়েছে। এক্ষেত্রে প্রথমে লেসন প্ল্যান প্রস্তুতকরণের পর সংশ্লিষ্ট টিম কর্তৃক ট্রেনিং ম্যানুয়াল প্রস্তুতকরণের কাজ শুরু করা যায়। (খ) লেসনপ্ল্যান প্রস্তুতের জন্য কোনো টিম গঠন করা হয় নি। তবে, জাইকার পরামর্শক জনাব ওয়াতানাবের সহযোগিতায় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মডিউল ০৭ (৭.০৯), ১৬ (১৬.০৫), ২১ (২১.০৬) এর লেসন প্ল্যানের যে টেম্পলেট প্রস্তুত করা হয়েছে, সেটির আদলে প্রতিটি কোর্সের জন্য ভিন্ন ভিন্ন লেসন প্ল্যান প্রস্তুত করা যায়। এক্ষেত্রে প্রতিটি কোর্সের মডিউলভিত্তিক টিম গঠন করা যায়, যারা কোর্সসমূহের ভিন্ন ভিন্ন বিষয়ভিত্তিক আউটলাইন প্রস্তুত করতে পারেন।	ক) লেসন প্ল্যান প্রস্তুতের পর ট্রেনিং ম্যানুয়াল প্রস্তুতের কার্যক্রমশুরু করতে হবে। খ) কোর্স ভিত্তিক লেসনপ্ল্যান প্রস্তুতের লক্ষ্যে মডিউল পরিচালকবৃন্দের সমন্বয়ে টিম গঠন করতে হবে। প্রথম পর্যায়ে এসএসসি কোর্সের ৪৫ কার্যদিবসের মধ্যে মডিউল ভিত্তিক লেসনপ্ল্যান প্রস্তুত করতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক (পিপিআর) ও সংশ্লিষ্ট টিম
৯.	কোর কোর্সের কারিক্যুলাম বাংলায় অনুবাদকরণ	কোর কোর্সের কারিক্যুলাম সমূহ বাংলায় অনুবাদ (পূর্ণাঙ্গ) করার জন্য গঠিত কমিটিসমূহের মধ্যে চারটি অনুবাদ দল কেন্দ্রের কোর কোর্সের কারিকুলামসমূহ অনুবাদ সম্পন্ন করেছেন। সর্বশেষ কারিকুলামের আলোকে অনুবাদসমূহ হালনাগাদ করার জন্য রেক্টর মহোদয় ০৬/০৩/২০২৫ তারিখের সভায় ১০দিন সময় দিয়েছেন। পরবর্তী কারিক্যুলাম অনুমোদন কমিটির সভায় সর্বশেষ কারিকুলামের আলোকে অনূদিত কারিক্যুলামসমূহ অনুমোদনের জন্য উত্থাপন করা যায়।	পরবর্তী ১০ দিনের মধ্যে সর্বশেষ কারিকুলামের আলোকে অনুবাদসমূহ হালনাগাদ করে 'কারিক্যুলাম অনুমোদন কমিটি'র সভায় অনূদিত কারিক্যুলামসমূহ চূড়ান্ত করতে হবে। বাস্তবায়নেঃ কারিক্যুলাম অনুমোদন কমিটি
১০.	বক্তা নির্দেশিকা প্রস্তুতকরণ	বক্তার প্রতি নির্দেশিকার খসড়া CDWC-র সভায় উপস্থাপন করা হয়েছে এবং পর্যালোচনা হয়েছে। সভায় খসড়াটির আংশিক পরিমার্জন সুপারিশ করা হলেও কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি।	কারিক্যুলাম ডেভেলপমেন্ট ওয়ার্কিং কমিটির সভায় বক্তা নির্দেশিকাটি পুনঃউপস্থাপন করে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে চূড়ান্ত করতে হবে। পরবর্তী অনুষদ সভার আলোচ্যসূচী থেকে এই এজেন্ডাটি বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
১১.	সিনিয়র স্টাফ কোর্সসহ অন্যান্য	হার্ভার্ডের প্রশিক্ষণ সম্পন্নকারী কেন্দ্রের অনুষদ সদস্যদের অনেকেই স্বউদ্যোগে শ্রেণিকক্ষে কেসভিত্তিক সেশন	Learning Sesson আয়োজনের পর কেন্দ্রের সকল অনুষদ সদস্যের জন্য ০৫

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন
	কোর্সে কেসভিত্তিক প্রশিক্ষণ মেথড অন্তর্ভূক্তকরণ	পরিচালনা করছেন। তবে, Pedagogy Fellowship-এ অংশগ্রহণকারী ০৩ সদস্যের কমিটি কর্তৃক Learning Session-টি আয়োজন সম্পন্ন হলে অধিকসংখ্যক অনুষদ কেসভিত্তিক সেশন পরিচালনায় আগ্রহী হবে। এ ক্ষেত্রে কেস স্টাডি বিষয়ক গবেষণা ও দক্ষতা উন্নয়নের জন্য কেন্দ্রে একটি 'কেস স্টাডি সেল' গঠন করা যায়।	দিনব্যাপী ToT on Case Study আয়োজন করতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক (পিপিআর)
১২.	প্রশিক্ষণার্থীদের টি-শার্টে আইডি নম্বর সম্বলিত ট্যাগ সংযোজন	বুনিয়াদি ও বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের খেলাধূলা সেশনে প্রশিক্ষণার্থীদের সনাক্ত করতে আইডি নম্বর সম্বলিত টি-শার্ট প্রদান করা হয়েছে।	এই এজেন্ডাটির কার্যক্রম ইতোমধ্যেই সম্পাদিত হওয়ায় পরবর্তী অনুষদ সভার আলোচ্যসূচী থেকে এই এজেন্ডাটি বাদ দেয়া যেতে পারে।
১৩.	অতিথি বক্তাদের পরিচিতি (CV) ইআরপি (ERP) তে আপলোডকরণ	কেন্দ্রের ইআরপি (ERP) তে ১৩৬১ জন অতিথি বক্তার তথ্য ছিল এবং একই বক্তার নাম একাধিক ছিল। উক্ত তালিকা থেকে ৭০৭ জনকে বাদ দিয়ে ৬৫৪ জনের তালিকা চূড়ান্ত করা হয় এবং পরবর্তীতে ১২৬ জন অতিথি বক্তার তথ্য এন্ট্রি দেওয়া হয়েছে। বর্তমানে ৭৮০ জন অতিথি বক্তার তথ্য ইআরপি (ERP) তে আছে।	কার্যক্রম সম্পন্ন হয়েছে বিধায় এজেন্ডাটি পরবর্তী সভায় বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
১৪.	ACAD সহ অন্যান্য কোর্সের ICT/e-Governance Module এর সেশন সংখ্যা কমে যাওয়া	কারিক্যুলাম ডেভেলপমেন্ট ওয়ার্কিং কমিটির সভায় এসিএডি কোর্সের ই-গভর্নেন্স বিষয়ক মডিউলটিতে যেসকল পরিবর্তন আনা বাঞ্ছনীয়, তা CDWC তে আলোচনা করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও কেন্দ্রের সিস্টেম এ্যানালিস্ট ICT Content পিপিআর অনুবিভাগে প্রেরণ করেছে, তা যাচাই বাছাই করা যেতে পারে।	কম্পিউটার শাখা হতে প্রাপ্ত Contents পর্যালোচনাপূর্বক যাচাই বাছাইয়ের জন্য CDWC সিদ্ধান্ত গ্রহন করবে। বাস্তবায়নেঃ পরিচালক (পিপিআর)
১৫.	বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নিয়ে একটি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন	চলমান বুনিয়াদি কোর্সে প্রশিক্ষণার্থীদের সংখ্যাধিক্যের কারণে বিশেষ বুনিয়াদি কোর্স আয়োজনে সীমাবদ্ধতা রয়েছে। এছাড়া, একাধিক প্রতিষ্ঠান থেকে এরূপ কোন আবেদন পাওয়া যায়নি। তবে, কতিপয় ক্ষেত্রে একাধিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের অংশগ্রহণে বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন চলমান রয়েছে।	কার্যক্রম ইতোমধ্যে সম্পাদিত হওয়ায় পরবর্তী অনুষদ সভার আলোচ্যসুচী থেকে এই এজেন্ডাটি বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
১৬.	Research Mentor দের Quantitative Data Analysis এর প্রশিক্ষণ প্রদান	কেন্দ্রের অনুষদ সদস্যদের চাহিদার ভিত্তিতে Research Mentor দের জন্য Quantitative Data Analysis বিষয়ক কোর্স আয়োজনের বিষয়ে গবেষণা ও উন্নয়ন শাখা হতে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। পরিচালক (গবেষণা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কেন্দ্রের অনুষদ সদস্যদের অংশগ্রহণে Quantitative Data Analysis এর অংশ হিসেবে 'Python' ও 'R' বিষয়ক ০৫ দিন মেয়াদী একটি প্রশিক্ষণ কোর্স	'Python' ও 'R' বিষয়ক ০৫ দিন মেয়াদী একটি প্রশিক্ষণ কোর্স আয়োজনের নিমিত্তে কারিক্যুলাম ও কন্টেন্ট নির্ধারণের জন্য 'পরিমাণগত পদ্ধতি' শাখা থেকে TNA করে সংশ্লিষ্ট কোর্সটি আয়োজনের জন্য 'গবেষণা ও উন্নয়ন' শাখায় তথ্য প্রেরণ করবে।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন
		আয়োজনের ব্যাপারে রেক্টর, বিপিএটিসি মহোদয় ইতোমধ্যেই একটি সিদ্ধান্ত দিয়েছেন।	বাস্তবায়নেঃ পরিচালক 'পরিমাণগত পদ্ধতি' এবং পরিচালক 'গবেষণা ও উন্নয়ন'।
১৭.	এসিএডি, এসএসসি এবং পিপিএমসি কোর্সের বৈদেশিক প্রশিক্ষণ ব্যতীত ফলাফল প্রস্তুত প্রসঙ্গে	বৈদেশিক প্রশিক্ষণের নম্বর পত্রের বিষয়ে ০৫.০১.২৬৭২.০৭৩.১৮.০৬৮.২৪.৮২ তারিখ ০৬ মার্চ ২০২৫ স্মারক-এ জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কোর্স ব্যবস্থাপনা টিমসমূহ হতে প্রয়োজনীয় নম্বর ও কলমচিত্র পাওয়া গেছে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।	সিদ্ধান্তের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ ও যোগাযোগ অব্যহত রাখতে হবে। বাস্তাবায়নেঃ পরিচালক(মূল্যায়ন)
১৮.	বিভিন্ন কোর্সসমূহে কলমচিত্র প্রদান ব্যতীত Training Confidential Report (TCR) প্রদান	TCR ফর্ম ব্যবহার বিষয়ে সিদ্ধান্তের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামতের ভিত্তিতে পরবর্তী কোর্সসমূহ থেকে TCR ফর্ম ব্যবহার করা যেতে পারে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের অগ্রগতি বিষয়ে যোগাযোগ অব্যহত রাখতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক (মূল্যায়ন)
১৯.	বিবিধ	ক) কেন্দ্রে একটি কেস স্টাডি সেল প্রতিষ্ঠা করাঃ বিপিএটিসি'তে একটি কেস স্টাডি সেল গঠনের সম্ভাব্যতা বিষয়ে কেন্দ্রের এমডিএস (আরএন্ডসি) এবং গবেষণা শাখার পরিচালক রেক্টর, বিপিএটিসি-এর সাথে পৃথক আলোচনা অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। খ) বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণসহ সংক্ষিপ্ত কোর্সসমূহের সার্বিক গুনগত মান উন্নয়নের লক্ষ্যে এমডিএস (পিএন্ডএস) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। কমিটি একাধিক সভা করেন এবং সুপারিশমালার খসড়া প্রস্তুত করেছেন।	(ক) কেন্দ্রে কেস স্টাডি সেল গঠনের সম্ভাব্যতা বিষয়ে কেন্দ্রের এমডিএস (আরএন্ডসি) এবং গবেষণা শাখার পরিচালক রেক্টর, বিপিএটিসি-এর সাথে আলোচনাক্রমে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে। বাস্তবায়নেঃ পরিচালক (গবেষণা ও উন্নয়ন) (খ) বিশেষ বুনিয়াদির গুনগত মান উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটি দ্রুততম সময়ে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন। বাস্তবায়নেঃ সংশ্লিষ্ট কমিটি
	কারিক্যুলাম উন্নয়ন ওয়ার্কিং কমিটি ও কারিক্যুলাম অনুমোদন কমিটি গঠন।	গ) কেন্দ্রের সকল কোর্সের কারিকুলাম উন্নয়নের জন্য দু'টি কমিটি গঠন করা হবে। এমডিএস (পিএন্ডএস) এর সভাপতিতে পরিচালক ও উপপরিচালকদের সমন্বয়ে ১০-১২ জন অনুষদের সমন্বয়ে 'কারিকুলাম উন্নয়ন ওয়ার্কিং কমিটি' এবং রেক্টর এর সভাপতিত্বে সকল এমডিএস নিয়ে 'কারিকুলাম অনুমোদন কমিটি' গঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। কারিক্যুলাম উন্নয়ন, হালনাগাদকরণ এবং চুড়ান্তকরণে উক্ত কমিটিদ্বয়ের কার্যক্রম চলমান রয়েছে।	(গ) কার্যক্রম ইতোমধ্যে সম্পাদিত হওয়ায় পরবর্তী অনুষদ সভার আলোচ্যসুচী থেকে এই এজেন্ডাটি বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ ও বাস্তবায়ন
		ঘ) বুনিয়াদি প্রশিক্ষণের প্রতিটি ব্যাচে সকল ক্যাডারের কর্মকর্তাদের সুষম ও আনুপাতিক অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে পরিচালক (পিপিআর) সভাকে অবহিত করেন।	(ঘ) বুনিয়াদি প্রশিক্ষণের প্রতিটি ব্যাচে সকল ক্যাডারের কর্মকর্তাদের সুষম ও আনুপাতিক হারে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক (পিপিআর)
২০.	পলিসি মূল্যায়ন পত্র/সেমিনার পেপার অভ্যন্তরীণ মূল্যায়নকারীর সম্মানী	কেন্দ্রে এসএসসি ও এসিএডি কোর্সসমূহের গবেষণা ও পলিসি মূল্যায়ন পত্র/সেমিনার পেপার উপস্থাপনের জন্য বহি: মূল্যায়ণকারীর সম্মানী প্রতি সেশনে ৫০০০/- (পাচ হাজার) প্রদান করা হয়। যেহেতু কাজটি টেকনিক্যাল ও বুদ্ধিবৃত্তিক, সুতরাং অভ্যন্তরীণ মূল্যায়নকারীগণকে সেশন প্রতি ২০০০/-(দুই হাজার) টাকা সম্মানী হিসেবে প্রদান করা যেতে পারে মর্মে আলোচনা হয়।	পলিসি মূল্যায়ন পত্র/সেমিনার পেপারের ক্ষেত্রে অভ্যন্তরীণ মূল্যায়নকারীকে আর্থিক বিধিবিধান যাচাই পূর্বক অর্থ শাখা প্রয়োজনীয় মতামত প্রদান করবে। বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন)
২১.	কেন্দ্রে অনুষ্ঠিত কোর্সসমূহের Certificate of Excellence এর সনদের কাভার মূল সনদের কাভার হতে ভিন্নকরণ।	কেন্দ্রে অনুষ্ঠিত কোর্সসমূহের Certificate of Excellence এর সনদের কাভার মূল সনদের কাভার হতে ভিন্নকরণের প্রস্তবনা গ্রহন করা যেতে পারে । পরিচালক (মূল্যায়ন) একাধিক নমুনা প্রদর্শন করেন এবং অনুষদ সদস্যগন মতামত দেন।	Certificate of Excellence-এর সনদের কাভার হিসেবে গাঢ় সবুজ রঙের কাভারটিকে (প্রদর্শিত নমুনা অনুসারে) ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ পরিচালক (মূল্যায়ন) ।
২২	বুনিয়াদি কোর্সের সার্টিফিকেট পরিবর্তন	কেন্দ্রে অনুষ্ঠিত বুনিয়াদি কোর্সের সার্টিফিকেট অন্যান্য স্বল্পমেয়াদি কোনো কোর্সের সার্টিফিকেট থেকে ভিন্ন করার বিষয়ে আলোচনা হয়।	সকল কোর্সে কেন্দ্রের অভিন্ন সার্টিফিকেট ব্যবহারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
২৩	কেন্দ্রে বিভিন্ন কোর্সে লিখিত পরীক্ষায় দায়িত্ব পালনকারী Invigilator-দের তালিকা প্রস্তুতকরণ।	কেন্দ্রে বিভিন্ন কোর্সে লিখিত পরীক্ষায় দায়িত্ব পালনকারী Invigilator-দের তালিকা প্রস্তুতকরণের বিষয় আলোচনা হয়। সভায় আলোচনা হয় যে, পরীক্ষার হলে দায়িত্ব পালন অনুষদ সদস্যদের দায়িত্ব। এ দায়িত্ব পালনে অনিহা প্রর্দশন করা যাবে না।	কোর্সের কাজে দায়িত্ব প্রাপ্ত অনুষদ সদস্যগনকে সঠিকভাবে দায়িত্ব পালন করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হয়।
২৪	বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কোর্স অফিসের জন্য নির্দিষ্ট স্থায়ী কর্মচারী নিয়োগ/পদায়ন	কেন্দ্রের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীর সংখ্যা ও কর্মপরিধি বিবেচনায় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কোর্স ম্যানেজমেন্ট অফিসে ০১ জন জুনিয়র ইন্সট্রাক্টর। ০১ জন অফিস সহকারী, ০২ জন্য স্টেনো টাইপিস্ট এবং ০৩ জন এমএলএসএস স্থায়ী ভিত্তিতে পদায়নের ব্যপারে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।	বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের স্থায়ী কোর্স সচিবালয় এবং স্থায়ী লোকবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন)

২। আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(সাঈদ মাহবুব খান)
রেক্টর

নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৬.১৪.২২. ৪৮৭

তারিখ: ২০ মার্চ ২০২৫

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থেও সদয় কার্যার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো -

১। অনুষদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
২। প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩। রেক্টরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। সংশ্লিষ্ট নথি।

২০/৩/২৫
(হাসান মুর্তাজা মাসুম)
পরিচালক (পিপিআর)